দৈঃ জনকণ্ঠ

2


তারিখ 28 JUL 1996
পৃষ্ঠা ৬ কলাম ৫

# তরুণ লেখক প্রকল্প

বাংলা একাডেমী তরুণ লেখকদের কল্যাণার্থে 'তরুণ লেখক প্রকল্প' চালু করেছে। তরুণ লেখকদের অধিকাংশই বিশ্ববিদ্যালয়ের উচ্চ পর্যায়ের পড়ুয়া কিংবা সর্বোচ্চ পর্যায়ের শিক্ষা সমাপ্ত বেকার যুবক যুবতী। স্নাতক উত্তীর্ণ তরুণ লেখকদের জন্য বাংলা একাডেমীর এই প্রকল্প ছয় মাস মেয়াদী। ইতোমধ্যে প্রকল্পের দু'টি পর্ব সমাপ্ত হয়েছে। তৃতীয় পর্বের ক্লাস শুরু হয়েছে গত জুন মাস থেকে। বাকি আছে আর মাত্র একটি পর্ব। বাংলাদেশের নানা প্রান্তের

## অমিত হোসেন

বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থী তরুণ লেখকগণ বাংলা একাডেমীর তরুণ লেখক প্রকল্পের বিষয়ে দারুণ উৎসাহী হয়ে উঠেছে। গত তিন পর্বের প্রকল্প শেষ করেছেন যে সব প্রশিক্ষাণার্থী তাদের সঙ্গে কথা বলে জানা গেল, তারা উপকৃত হয়েছেন অনেকাংশে। প্রকল্প চলাকালীন সময়ে তারা প্রতিমাসে তিন হাজার টাকা মাসিক ভাতা পেয়েছেন। অগ্রজ লেখকদের সান্নিধ্যে পৌছতে পেরেছেন। প্রশিক্ষণার্থীদের একটি করে বই বাংলা একাডেমী খরচ ছাড়াই প্রকাশ করবে। সর্বোপরী প্রশিক্ষণার্থিগণ সবচেয়ে বেশি উপকৃত হয়েছেন কম্পিউটার অপারেটিংয়ের সুযোগ পেয়ে। প্রশিক্ষণার্থীদের প্রকল্পের মেয়াদ তিন মাস পূর্ণ হবার পর চল্লিশ জন প্রশিক্ষণার্থীকে কয়েকটি গ্রুপে বিভাজন করে প্রত্যেককে একটি কম্পিউটার একঘণ্টা সময়ের জন্য অপারেট করতে দেয়া হয় প্রতিদিন। আর একথা তো সবাই জানেন-বিজ্ঞানের এই কল্লোলিত সময়ে কম্পিউটার কতটা গুরুত্ববাহী ইলেকট্রনিক্স। প্রাতিষ্ঠানিক শিক্ষার পাশাপাশি খরচ ছাড়াই নিজের



লেখা একটি বই প্রকাশ করা আর কম্পিউটার অপারেটিং করতে পারা একজন শিক্ষার্থী লেখকের জন্য এ এক দারুণ চমক! প্রকল্পের তৃতীয় পর্বে যারা প্রশিক্ষণ নিচ্ছেন তারা চান, বাংলা একাডেকামীর তরুণ লেখক প্রকল্প অব্যাহত থাকুক। কলেজ, বিশ্ববিদ্যালয়ের প্রাতিষ্ঠানিক শিক্ষার পর তারা যখন কর্ম জীবনে প্রবেশ করবে তখন তাদের কম্পিউটার অভিজ্ঞতা বাড়তি সুবিধা দেবে। কিন্তু সমস্যা হচ্ছে ছয় মাস পর পর চল্লিশ জন করে তরুণ লেখক কোথায় পাওয়া যাবে? বাংলা একাডেমী শর্ত জুড়ে দিয়েছে প্রশিক্ষণার্থীকে তরুণ লেখক হতে হবে এবং তাকে স্নাতক উত্তীর্ণও হতে হবে। কলেজ ও বিশ্ববিদ্যালয়ের পড়ুয়ারা বাংলা একাডেমীকে এই বলে পরামর্শ দিয়ে বোঝাতে চাইছে যে, প্রকল্প অব্যাহত রেখে প্রশিক্ষণার্থীর সংখ্যা কমিয়ে আনা হোক। তাদের বক্তব্য এভাবে ধারাবাহিকতা রক্ষা করা সম্ভব। বাংলা একাডেমী যদি শিক্ষার্থী তরুণ লেখকদের পরামর্শ না রক্ষা করেন তাহলে আর মাত্র একটি পর্ব অর্থাৎ চতুর্থ পর্বের ক্লাস শেষ হবার পর পর গ্র্যাজুয়েট তরুণ লেখক প্রকল্প শেষ হয়ে যাবে। চতুর্থ পর্ব শুরু হবে ১৯৯৭-এর জানুয়ারি মাসে। ডিসেম্বর ৯৬-এ বাংলা একাডেমী থেকে ফরম সংগ্রহ করে আবেদন করতে হবে। উৎসাহী শিক্ষার্থী তরুণ লেখকবৃন্দ আপনাদের বিষয়টি ভেবে দেখার পরামর্শ দিচ্ছি।